

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৯৮০

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ১৯. প্রথম অনুচ্ছেদ - সালাতের মাঝে যে সব কাজ করা নাজায়িয ও যে সব কাজ করা জায়িয

بَابُ مَا لَا يَجُوْزُ مِنَ الْعَمَلِ فِي الصَّلَاةِ وَمَا يُبَاحُ مِنْهُ

আরবী

وَعَنْ مُعَيْقِيبٍ عَنِ النَّبِيِّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي الرَّجُلِ يُسَوِّي التُّرَابَ حَيْثُ يَسْجُدُ؟ قَالَ: «إِنْ كُنْتَ فَاعِلًا فَوَاحِدَةً»

বাংলা

৯৮০-[৩] মু'আয়কীব (রাঃ)থেকে বর্ণিত। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে এক লোক সম্পর্কে প্রশ্ন করা হলো যে ব্যক্তি সালাতে সাজদার স্থানের মাটি সমান করে। তিনি বললেন, যদি তা করতেই চাও তবে শুধু একবার তা করবে। (বুখারী, মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: বুখারী ১২০৭, মুসলিম ৫৪৪৬।

ব্যাখ্যা

ব্যাখ্যা: "যদি তা করতেই চাও তবে শুধু একবার করবে"- অত্র হাদীসে সালাতরত অবস্থায় এমন কাজ করতে বারণ করা হয়েছে যা সালাত (সালাত/নামায/নামাজ) বিনষ্টের কারণ হয় অথবা সালাতের একাগ্রতার মধ্যে বিঘ্ন ঘটায়। তা সত্ত্বেও এ রকম কাজ মাত্র একবার করার অনুমতি দেয়া হয়েছে যাতে সিজদা (সিজদা/সেজদা) করতে তার কষ্ট না হয়।

ইমাম নাবাবী বর্ণনা করেন, এ ব্যাপারে সকলেই একমত যে, সালাতরত অবস্থায় পাথর স্পর্শ করা বা মাটি সমান করা মাকরহ। তবে প্রয়োজনবশতঃ মাত্র একবার এরূপ করা বৈধ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত



পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন